রুয়েট বুলেটিন

RUET

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা

২য় বর্ষ :: ৬ষ্ঠ সংখ্যা :: এপ্রিল-জুন ২০১৬

জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত

তরুণদের ডিজিটাল বাংলাদেশের নেতৃত্ব দিতে হবে

--------------পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম

ডিজিটাল বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নে তরুণ শিক্ষার্থীদের এগিয়ে আসার আহ্বান জানিয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম এমপি বলেছেন, পুরো দেশ আজ ডিজিটালাইজ হওয়ার পথে এগিয়ে চলেছে। এই অগ্রযাত্রা অব্যাহত রাখার জন্য তরুণ শিক্ষার্থীদের নেতৃত্ব দিতে হবে।

জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পদক বিতরণ করছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি।

২ এপ্রিল শনিবার দুপুরে রুয়েট অডিটোরিয়ামে আয়োজিত 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা'-এর রাজশাহী আঞ্চলিক পর্বের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী এ কথা বলেন। প্রধান অতিথির বক্তব্যে তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ আজ কেবল স্বপ্ন নয়, এই রূপকল্প আজ বাস্তবে পরিণত হয়েছে।

এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রাজশাহী অঞ্চলের বিভিন্ন জেলার স্কুল শিক্ষার্থীদের পদচারণায় মুখরিত হয়ে উঠেছিল রুয়েট ক্যাম্পাস। ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্যে সকাল ৯ টায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি বেলুন উড়িয়ে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। এ সময়ে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

প্রতিযোগিতায় বিজয়ীদের সাথে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম এমপি এবং ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল আলম বেগ।

উদ্বোধনের পর রুয়েট অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় প্রতিযোগিতার উদ্বোধনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। অনুষ্ঠান দু'টিতে সভাপতিত্ব করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। বিশেষ অতিথির বক্তব্য রাখেন পরিচালক (ছাত্রকল্যাণ) এন এইচ এম কামরুজ্জামান সরকার, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম মন্ডল, বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের সহ-সভাপতি রাফেয়া জামান ও রবি'র আঞ্চলিক প্রধান জাহিদুল ইসলাম।

হাই স্কুলে পড়-য়া শিক্ষার্থীদের কম্পিউটার প্রোগ্রামিংয়ে আগ্রহী করে তোলা এবং এ বিষয়ে তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ দেশের ১৬ টি শহরে এই প্রতিযোগিতার আয়োজন করেছে। রাজশাহী অঞ্চলে এই প্রতিযোগিতার আয়োজন ও তত্ত্বাবধায়ন করে রুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম এমপি'কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

রাজশাহী অঞ্চলের বিভিন্ন জেলার প্রায় এক হাজার স্কুল শিক্ষার্থী এই প্রতিযোগিতার আওতায় কুইজ ও প্রোগ্রামিং কনটেষ্টে অংশগ্রহণ করে। প্রতিযোগিতা শেষে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে মেডেল ও সনদপত্র বিতরণ করেন।

এরপর পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি ভাইস চ্যান্সেলরের কার্যালয়ে রুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। এ সময়ে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ, পরিচালক (ছাত্রকল্যাণ) এন এইচ এম কামরুজ্জামান সরকার, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম মন্ডল, গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ বেল্লাল হোসেন প্রমূখ।

মতবিনিময়কালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম এমপি রুয়েটের উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে সকল প্রকার সহায়তার আশ্বাস প্রদান করে বলেন, সরকার প্রযুক্তিগত শিক্ষা বিস্তারে এবং এর মানোন্নয়নে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে চলেছে। দেশে প্রযুক্তিগত শিক্ষা বিস্তারে আগামীতে রুয়েট যাতে আরও কার্যকর ভূমিকা রাখতে পারে সে বিষয়ে উদ্যোগ নেয়ার জন্য তিনি আহ্বান জানান।

শিক্ষার মান পরীবিক্ষণে কাজ করবে কোয়ালিটি এ্যাসুরেন্স সেল

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে শি ও গবেষণার মান আন্তর্জাতিক মানে উন্নয়ন এবং পর্যবেণ ও পরীবিণের নিমিত্তে গঠন করা হয়েছে কোয়ালিটি এ্যাসুরেন্স সেল।

নবগঠিত এই সেলের পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ও ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেনকে। এছাড়া এই সেলের অতিরিক্ত পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামানকে।

রুয়েটের কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের সভায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

নবগঠিত এই সেলের প্রথম পরিচিতি সভা ৩০ এপ্রিল শনিবার বিকেলে কেন্দ্রীয় কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় রুয়েট সিন্ডিকেট সদস্য ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুশফিক আহমেদ, রুয়েটের পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আব্দুস সোবহান, ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর নীরেন্দ্র নাথ মুস্তফী, এ্যাপলাইড সায়েন্স এন্ড হিউম্যানেটিজ অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাজেদুর রহমান, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, ভারপ্রাপ্ত কম্পোট্রলার নাজিমউদ্দীন আহম্মেদ। সভাটি পরিচালনা করেন কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের পরিচালক ও ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান।

এই সেল গঠনের ব্যাপারে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে বাস্তবায়নাধীন হ্যাকেপ প্রকল্পের আওতায় এই সেল গঠন করা হয়েছে। এই সেলের মূল দায়িত্ব হবে রুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষা ক্যারিকুলাম ও গবেষণার মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নতিকরণ। এছাড়া শিক্ষার ক্যারিকুলাম এবং পর্যবেক্ষণ ও পরীবিক্ষণ করা এবং উভয় ক্ষেত্রে মানোন্নয়নে বিভাগগুলোকে পরামর্শ দেয়া। পাশাপাশি বিভাগগুলোর বিভিন্ন সমস্যা ও সীমাবদ্ধতা চিহ্নিত করে সেগুলোকে কার্যকরভাবে সমাধানের ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা দিতেও এই সেল কাজ করবে বলে তিনি জানিয়েছেন।

কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের পরিচালক ও ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন বলেন ইউজিসি'র সহায়তায় এই সেল রুয়েটের শিক্ষার মানোন্নয়নে একটি প্রকল্প বাস্তবায়ন করবে।

ভারতে উচ্চতর প্রশিক্ষণে অংশ নিলেন প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন

ভারতের বেঙ্গালুরুতে আয়োজিত উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করে আসলেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইপিই বিভাগের প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন। প্রফেসর ড. মোশাররাফ ৪ এপ্রিল থেকে ১৫ এপ্রিল পর্যন্ত বেঙ্গালুরুতে অনুষ্ঠিত 'উচ্চশিক্ষার মানোন্নয়ন নিশ্চিতকরণে করণীয়' বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। ইউজিসি-এর 'Quality Assurance Cell (HEQEP)' সহায়তায় তিনি এই উচ্চতর প্রশিক্ষণে অংশ নেন। বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১১ জন অধ্যাপক এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

রুয়েটের কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের পরিচালক হিসেবে প্রফেসর ড. মোশারারফ হোসেন এই প্রশিক্ষণে অংশ নেন। তিনি জানান, প্রশিক্ষণে ভারতের বিভিন্ন শীর্ষ বিশ্ববিদ্যালয় তাদের শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে কি ধরণের উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ করেছে সেগুলোর উপর আলোকপাত করা হয়। এছাড়া তিনি ভারতের তিনটি বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষার মানোন্নয়ন ও পরীক্ষণ সংক্রান্ত সেলের কার্যক্রম পরিদর্শন করেন।

মালয়েশিয়ায় উচ্চতর প্রশিক্ষণে অংশ নিলেন প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি) এর

পরিচালক এবং কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান মালয়েশিয়ায় আয়োজিত প্রাতিষ্ঠানিক শিক্ষার মানোন্নয়ন' সংক্রান্ত একটি উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করে এসেছেন। এই প্রশিক্ষণটি গত ২৮ মার্চ থেকে ৮ এপ্রিল পর্যন্ত কুয়ালামপুরে অনুষ্ঠিত হয়। ইউজিসি-এর 'Quality Assurance Cell (HEQEP)' সহায়তায় তিনি এই প্রশিক্ষণে অংশ নেন। তিনি ছাড়াও বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ২০ জন অধ্যাপক এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান জানান, এই প্রশিক্ষণের অংশ হিসেবে মালয়েশিয়া সরকার সেই দেশের শীর্ষ বিশ্ববিদ্যালয় গুলোতে শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে যেসব পদক্ষেপ গ্রহণ করছে সেগুলো সরেজমিনে পর্যবেক্ষণের সুযোগ পান। এছাড়া তিনি সেখানকার চারটি বিশ্ববিদ্যালয়ের কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের বিভিন্ন কর্মকান্ড পরিদর্শন করেন এবং সিনিয়র শিক্ষকদের সাথে মতবিনিময় করেন। এই প্রশিক্ষণে অর্জিত অভিজ্ঞতা দিয়ে তিনি রুয়েটের শিক্ষার মানোন্নয়ন ও পরীবিক্ষণে গৃহীত পদক্ষেপগুলো কার্যকরভাবে বাস্তবায়নে এগিয়ে আসবেন বলে জানিয়েছেন।

নানা আয়োজনে রুয়েটে বাংলা বর্ষবরণ

ব্যাপক উৎসাহ, উদ্দীপনা, মঙ্গল শোভাযাত্রা, নাচ, গান সহ নানা আয়োজনের মধ্যে দিয়ে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বাংলা নতুন বর্ষকে বরণ করে নেয়া হয়েছে ।

বাংলা নববর্ষের মঙ্গল শোভাযাত্রার নেতৃত্ব দিচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

সকাল ১১ টায় বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রার মধ্যে দিয়ে রুয়েটে শুরু হয় বর্ষবরণ অনুষ্ঠান। শোভাযাত্রাটির নেতৃত্ব দেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। শোভাযাত্রায় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী স্বতঃস্ফুর্তভাবে ও ব্যাপক উৎসাহ উদ্দীপনার সাথে অংশগ্রহণ করেন।

এরপর কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে অনুষ্ঠিত হয় বৈশাখী আলোচনা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, পরিচালক (উন্নয়ন ও পরিকল্পনা) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, জনাব সিদ্ধার্থ শংকর সাহা, উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) প্রমূখ। প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বাংলা নববর্ষ উপলক্ষ্যে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানান এবং একই সাথে সকলের মঙ্গল ও কল্যাণ কামনা করে বলেন, এই দিনটি সমগ্র বাঙ্গালী জাতিতে দেশজ সংস্কৃতি চর্চায় সর্বস্তরের মানুষকে অনুপ্রেরিত করে।

বাংলা নববর্ষের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

শহীদ মিনার চত্বরে দিনব্যাপী অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, পুতুল নাচ, বাংলা নাচ, কমেডি শো, ফ্যাশন শো ও লোকজসঙ্গীত সহ নানা আয়োজন। এছাড়া শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি এবং রুয়েটের বিভিন্ন সামাজিক সংগঠনের স্টলে চলে পান্তা বাংলা বর্ষবরণ উপলক্ষ্যে রুয়েট ক্যাম্পাসে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে রুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

আন্তঃবিশ্ববিদ্যালয় রোবোটেক ফেস্ট অনুষ্ঠিত

বেশীরভাগ পুরস্কার জিতেছে রুয়েট

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২১ ও ২২ এপ্রিল অনুষ্ঠিত হয়ে গেল দু'দিনব্যাপী আন্তঃবিশ্ববিদ্যালয় রোবোটেক ফেস্ট ২০১৬।

২১ এপ্রিল সকাল ৮টায় রুয়েট অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মোহাঃ রফিকুল আলম বেগ। রুয়েটের মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং রোবোটিক সোসাইটি অব রুয়েট এর যৌথভাবে আয়োজিত এই প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন, সারাবিশ্বে রোবটিক শিক্ষা এবং গবেষণার গুরুত্ব ও পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে। পারিবারিক গন্ডি থেকে শুরু করে রাষ্ট্রীয় পর্যায়ে অনেক কাজেই রোবট ব্যবহারের প্রবণতা দেখা যাচ্ছে। বাংলাদেশেও রোবটিক শিক্ষা এবং গবেষণার ক্ষেত্র প্রস্তুত ও প্রসারে এ ধরণের ফেস্ট কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

রোবোটেক ফেস্ট ২০১৬ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগসহ অন্যান্য অতিথিবৃন্দ।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন রুয়েটের যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর নীরেন্দ্র নাথ মুস্তফী, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগের প্রফেসর ড. সজল চন্দ্র বনিক। সভাপতিত্ব করেন মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান এবং রোবোটিক সোসাইটি অব রুয়েটের প্রেসিডেন্ট প্রফেসর ড. মোঃ রোকনুজ্জামান।

২১ ও ২২ এপ্রিল সকাল থেকে মধ্যরাত পর্যন্ত রুয়েটের বিভিন্ন স্থানে আন্তঃবিশ্ববিদ্যালয় রোবোটেক ফেস্ট ২০১৬ রোবোরান, মেকানিক্স অলিম্পিয়াড এবং আইডিয়া কনটেস্ট- এই তিন ক্যাটাগরিতে অনুষ্ঠিত হয়। আন্তঃবিশ্ববিদ্যালয় রোবোটেক ফেস্ট ২০১৬ এ তিন ক্যাটাগরিতে রুয়েট, কুয়েট এবং ডুয়েট চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। তবে তিনটি শ্রেণীতে বেশিরভাগ পুরস্কার জিতেছে স্বাগতিক রুয়েটের প্রতিযোগীরা।

রোবোরান ক্যাটাগরিতে রুয়েটের সিগমা দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এই ক্যাটাগরিতে প্রথম রানারআপ হয়েছে ডুয়েটের নিউট্রিনো এবং দ্বিতীয় রানারআপ হয়েছে বুয়েটের ডরহজাজ-০৯ দলটি।

এছাড়া মেকানিক্স অলিম্পিয়াড ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয়েছে ডুয়েটের মোহাম্মদ পারভেজ। প্রথম ও দ্বিতীয় রানারআর্প হয়েছে যথাক্রমে রুয়েটের সাদ্দাম মাহমুদ খান এবং সজিব ওয়াহিদ।

অন্যদিকে আইডিয়া কনটেস্ট ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয়েছে কুয়েটের তাজিদুল আলম চৌধুরী এবং ফাহমিদা ফারজানা। এই ক্যাটাগরিতেও প্রথম ও দ্বিতীয় রানারআপ হয়েছে যথাক্রমে তারেক রহমান ও সিফাত মনজেরিন এবং রুবাইয়া শবনম।

রোবোটেক ফেস্ট ২০১৬ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

এসব প্রতিযোগিতা শেষে ২২ এপ্রিল রাত ৮টায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান রুয়েট অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিজয়ী প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. সিরাজুল করিম চৌধুরী, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার এবং চট্রগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগের প্রফেসর ড. সজল চন্দ্র বনিক। সভাপতিত্ব করেন মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান এবং রোবোটিক সোসাইটি অব রুয়েট এর প্রেসিডেন্ট প্রফেসর ড. মোঃ রোকনুজ্জামান।

এ প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্রগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৪২ টি দল এবং ১৫২ জন প্রতিযোগী অংশগ্রহণ করে।

নতুন যোগদানকারী কর্মচারীদের বরণ অনুষ্ঠান

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নতুনভাবে যোগদানকারী কর্মচারীদের এক বরণ অনুষ্ঠান ২০ এপ্রিল বুধবার দুপুরে অনুষ্ঠিত হয়েছে।

দুপুর সাড়ে ১২ টায় কেন্দ্রীয় ক্যাফেটেরিয়াতে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। তিনি রুয়েটে নতুন যোগদানকৃত কর্মচারীদের ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন এবং রুয়েটের কল্যাণে একনিষ্ঠভাবে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ, ইলেকট্রনিক এন্ড ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ জহুরুল ইসলাম, অফিসার্স এ্যাসোসিয়েশনের সভাপতি শাহনেওয়াজ সরকার সেতু ও সাধারণ সম্পাদক মোঃ আহসান হাবিব।

অনুষ্ঠানটি সভাপতিত্ব এবং পরিচালানা করেন যথাক্রমে কর্মচারী সমিতির সভাপতি মোঃ মুরাদ হোসেন ও সাধারণ সম্পাদক খ. ম. আবু আহমেদ।

রাবি শিক্ষক হত্যাকান্ডের প্রতিবাদে রুয়েটে শিক্ষকদের কর্মবিরতি ও অবস্থান ধর্মঘট

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক ড. এফ এম রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকান্ডের প্রতিবাদে এবং হত্যাকান্ডের সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে রুয়েটের শিক্ষকরা ২ মে সোমবার কালো ব্যাচ ধারণ ও অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করেছেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হত্যাকান্ডের প্রতিবাদে অবস্থান ধর্মঘটে অংশগ্রহণকারী রুয়েটের শিক্ষক নেতৃবৃন্দ।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে রুয়েটের সকল বিভাগের শিক্ষকগণ সোমবার সকাল থেকেই কালো ব্যাচ ধারণ করেন। এছাড়া শিক্ষকগণ সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কর্মবিরতি পালন করেন। এসময়ে শিক্ষকরা সকল প্রকার ক্লাশ ও একাডেমিক কর্মকান্ডে অংশগ্রহণ থেকে বিরত থাকেন। দুপুর ১ টায় পুরাতন শহীদ মিনার চত্বরে শিক্ষক সমিতির উদ্যোগে শিক্ষকরা অবস্থান ধর্মঘট পালন করেন।

রুয়েট শিক্ষক সমিতির সভাপতি ও যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী এবং সাধারণ সম্পাদক ও পরিচালক (উন্নয়ন ও পরিকল্পনা) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীমের নেতৃত্বে বিপুল সংখ্যক শিক্ষক এই অবস্থান ধর্মঘটে অংশগ্রহণ করেন। অবস্থান ধর্মঘট থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক ড. এফ এম রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকান্ডের সাথে জড়িতদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করা হয়।

আইটি বিষয়ক দক্ষতা বৃদ্ধিতে তৃতীয় ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদায়ে কর্মরত কর্মচারীদের আইটি বিষয়ক কর্মদক্ষতা বৃদ্ধির নিমিত্তে আয়োজিত তৃতীয় ব্যাচের প্রশিক্ষণ কোর্সের সমাপণী ও সনদ বিতরণী অনুষ্ঠান ২ মে সোমবার বিকেলে অনুষ্ঠিত হয়েছে।

রুয়েট কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের শিক্ষা ও গবেষণা প্রকল্পের সহায়তায় রুয়েটের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখা যৌথভাবে এই প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে।

এই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন, প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ রূপকল্প বাস্তবায়ন করতে হলে সকল জনশক্তিকে আইটি বিষয়ে দক্ষতা অর্জন করতে হবে।

এই প্রশিক্ষণ কর্মসূচী রুয়েটে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আইটি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

আইটি দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

সমাপণী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন রুয়েটের ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এর পরিচালক প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রফেসর ড. বশির আহমেদ এবং ভারপ্রাপ্ত কম্পোট্রলার মোঃ নাজীম উদ্দীন আহম্মেদ। সভাপতিত্ব করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম।

তৃতীয় ব্যাচের এই প্রশিক্ষণ কোর্সে রুয়েটের বিভিন্ন বিভাগ ও সেকশনে কর্মরত ১৫ জন সিনিয়র ডাটা প্রসেসর, ডাটা প্রসেসর ও কম্পিউটার অপারেটর অংশগ্রহণ করেন। কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন প্রফেসর ড. বশির আহমেদ। প্রশিক্ষণ কোর্স পরিচালনা করেন সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট বিমলেন্দু সেখর সরকার, সিস্টেম এ্যানালিষ্ট সৈয়দ মোস্তফা কামাল এবং এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার মোঃ এমদাদুল হক। অনুষ্ঠানে তৃতীয় ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

প্রশিক্ষণের কোর্স কো-অর্ডিনেটর প্রফেসর ড. বশির আহমেদ বলেন, পর্যায়ক্রমে রুয়েটের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে আইটি বিষয়ক কর্মদক্ষতা বৃদ্ধির জন্য এই প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

বাংলাদেশে কম্পিউটার নেটওয়ার্কিংয়ে দক্ষ জনবল তৈরী করার ক্ষেত্রে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

রুয়েটে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের আইটি বিষয়ক কর্মদক্ষতা বৃদ্ধির নিমিত্তে আয়োজিত চতুর্থ ও পঞ্চম ব্যাচের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে ১৭ মে মঙ্গলবার বিকেলে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ এ কথা বলেন। তিনি বলেন রুয়েট বিগত কয়েক বছর যাবত সিসকো নেটওয়ার্কিং একাডেমির উদ্যোগে আয়োজিত কম্পিউটার নেটওয়ার্কিং প্রশিক্ষণ পরিচালনা করছে যার মাধ্যমে কম্পিউটার নেটওয়ার্কিংয়ে সহস্রাধিক দক্ষ পেশাজীবি তৈরী হয়েছে।

কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের শিক্ষা ও গবেষণা প্রকল্পের সহায়তায় রুয়েটের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখা যৌথভাবে এই প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন রুয়েটের ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এর পরিচালক প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রফেসর ড. বশির আহমেদ এবং ভারপ্রাপ্ত কম্পোট্রলার নাজিমউদ্দীন আহম্মেদ। সভাপতিত্ব করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম।

আইসিটি দক্ষতা বিষয়ক ৫ম ব্যাচের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে কিটস বিতরণ করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

চতুর্থ ও পঞ্চম ব্যাচের এই প্রশিক্ষণ কোর্সে রুয়েটের বিভিন্ন বিভাগ ও সেকশনে কর্মরত ১৮ কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেছেন। কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করছেন অধ্যাপক ড. বশির আহমেদ। প্রশিক্ষণ কোর্স পরিচালনার দায়িত্বে আছেন সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট বিমলেন্দু সেখর সরকার, সিস্টেম এ্যানালিষ্ট সৈয়দ মোস্তফা কামাল এবং এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার মোঃ এমদাদুল হক।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে এই প্রশিক্ষণ কোর্সের অংশগ্রহণকারীদের মধ্যে প্রশিক্ষণ কিটস বিতরণ করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

ডিজিটাল টিচিং লার্ণিং মেথড বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে HVAC Design & Maintenance Under Benefits of Digital Teaching Learning Method শীর্ষক দিনব্যাপী একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

২৬ এপ্রিল মঙ্গলবার রুয়েট কেন্দ্রীয় অডিটোরিয়ামে এই সেমিনারটি যন্ত্রকৌশল বিভাগের অধীনে Higher Education Quality Enhancement Project (HEQEP), CP-3609-এর সহযোগিতায় অনুষ্ঠিত হয়। সেমিনারে বিশেষজ্ঞ বক্তারা বাংলাদেশের জলবায়ুর পরিপ্রেক্ষিতে এনার্জি এফিসিয়েন্ট বিল্ডিং ডিজাইন ও তার প্রয়োজনীয়তা এবং বিভিন্ন ধরনের গৃহ নির্মাণের জন্য বিদ্যুৎ সাশ্রয়ী HVAC System এর গুরুত্ব তুলে ধরেন।

সেমিনারের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। বিশেষ অতিথি ছিলেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম এবং পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার। সভাপতিত্ব করেন যন্ত্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান এবং CP-3609, HEQEP, (UGC)-এর সাব-প্রজেক্ট ম্যানেজার প্রফেসর ড. মোঃ ইমদাদুল হক।

ডিজিটাল টিচিং লার্ণিং শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

দিনব্যাপী এই সেমিনারে বিভিন্ন সেশন পরিচালনা করেন ASHRAE বাংলাদেশ চাপ্টারের সভাপতি মানস মিত্র, IDYLIC Design এর সিনিয়র কনসাল্টেন্ট প্রকৌশলী সাদেকুল ইসলাম এবং IDYLIC Design এর প্রিন্সিপাল আর্কিটেক্ট স্থপতি মোহাম্মদ আশরাফুল আলম। সেমিনারের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

শেষ হলো রোবো ড্রয়েড চ্যাম্পিয়নশীপ

গত ৪ ও ৫ মে শেষ হলো দু'দিনব্যাপী রোবো ড্রয়েড চ্যাম্পিয়নশীপ ২০১৬। ৪ মে সকালে রুয়েটের ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাঃ আব্দুস সোহবান প্রধান অতিথি হিসেবে এই চ্যাম্পিয়নশীপের উদ্বোধন করেন।

৫ মে বিকেলে কেন্দ্রীয় অডিটোরিয়ামে সনদপত্র ও পুরস্কার বিতরণের মাধ্যমে আইইইই রুয়েট শাখা আয়োজিত এই চ্যাম্পিয়নশীপের সমাপ্তি ঘটে।

বৃহস্পতিবার এ প্রতিযোগিতার প্রথম দিনে লাইন ফলোয়ার রোবোট প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৫২ টি দল অংশগ্রহণ করে। বৃহস্পতিবার বিকেলে অনুষ্ঠিত হয় রোবোটিক বিষয়ক সেমিনার। সেমিনারটি পরিচালনা করেন রুয়েটের প্রফেসর ড. মোঃ আব্দুল গোফফার খান এবং ডুয়েটের প্রফেসর ড. আনোয়ারুল আবেদিন।

এদিকে শুক্রবার সকাল থেকে অনুষ্ঠিত হয় মোবাইল অ্যাপ কনটেস্ট, যাতে অংশগ্রহণ করে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১০ টি দল। এছাড়া শুক্রবার দুপুর থেকে অনুষ্ঠিত হয় মাজ সোলভার রোবোট প্রতিযোগিতা, যাতে অংশ নেয় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৩৯ টি দল।

বিকেলে বিজয়ী দলের সদস্যদের মধ্যে সনদপত্র ও ক্রেস্ট বিতরণ করা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রুয়েটের ইলেট্রিক্যাল এন্ড কম্পিউটার সায়েন্স অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. আনোয়ারুল আবেদীন এবং সেব্রান-এর প্রতিনিধি প্রকৌশলী এম এ সাকি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইইইই রুয়েট শাখার সমন্বয়ক প্রফেসর ড. মোঃ আব্দুল গোফফার খান।

রুয়েটে চালু হয়েছে গৃহনির্মাণ ঋণ

গৃহ নির্মাণের জন্য কর্পোরেট ও দীর্ঘমেয়াদী ঋণ পেতে যাচ্ছেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ।

এই ঋণ প্রদানের জন্য রুয়েটে ইতিমধ্যে গঠিত হয়েছে কর্পোরেট লোন প্রদান কমিটি। এছাড়া রুয়েট ও রূপালী ব্যাংক রুয়েট শাখার যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত এই কর্পোরেট ঋণ তহবিলে ইতিমধ্যে ৬০ কোটি টাকা বরাদ্দের চুক্তিও সম্পাদন হয়ে গেছে। আগামী সপ্তাহ থেকে রুয়েটের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ এই কর্পোরেট লোন পাওয়া শুরু করবেন। এর ফলে রুয়েটে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের দীর্ঘদিনের প্রত্যাশা পূর্ণ হতে যাচ্ছে।

রুয়েটের কর্পোরেট লোনের চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ, রুপালী ব্যাংকের কর্মকর্তা ও অন্যান্য শিক্ষকবৃন্দ।

রুয়েটে এই কর্পোরেট লোন প্রদানের জন্য এ্যাপলাইড সায়েন্স এন্ড হিউম্যানেটিজ অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাজেদুর রহমানকে সভাপতি ও অতিরিক্ত পরিচালক (ফাইন্যান্স এন্ড এ্যাকাউন্ট) এস. এম ফয়সাল আরেফীনকে সদস্য সচিব করে গঠন করা হয়েছে 'কর্পোরেট লোন প্রদান কমিটি'। এই কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে, রুয়েটে স্থায়ী চাকুরীর মেয়াদ ৫ বছর হয়েছে এমন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ গৃহনির্মাণ বাবদ ঋণ নিতে পারবেন। চাকুরীর মেয়াদ ভেদে ষষ্ঠ থেকে প্রথম গ্রেডের শিক্ষক ও কর্মকর্তাগন সর্বোচ্চ ৪০ লক্ষ টাকা, সপ্তম থেকে দশম গ্রেডের শিক্ষক ও কর্মকর্তাগণ সর্বোচ্চ ২০ লক্ষ টাকা, ১১তম থেকে ১৬তম গ্রেডের কর্মচারীগণ সর্বোচ্চ ১৫ লক্ষ টাকা এবং ১৭তম থেকে ২০তম গ্রেডের কর্মচারীগণ সর্বোচ্চ ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করতে পারবেন। ১১% হারে সুদে এই ঋণ গ্রহীতরা ১৫ বছরে বা ১৮০ কিস্তিতে ঋণ পরিশোধ করার সুবিধা পাবেন।

এদিকে ২৭ এপ্রিল বুধবার রুয়েট কর্তৃপক্ষ এবং রূপালী ব্যাংক রুয়েট শাখার মধ্যে এই কর্পোরেট লোন প্রদান সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর হয়েছে। রুয়েটের ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন এবং রূপালী ব্যাংক রুয়েট শাখার সহকারী মহাব্যবস্থাপক প্রকাশ কুমার সাহা চুক্তিতে স্বাক্ষর করেন। এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ, কর্পোরেট লোন প্রদান কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ মাজেদুর রহমান, ভারপ্রাপ্ত কম্পোট্রলার নাজিমউদ্দীন আহম্মেদ এবং রূপালী ব্যাংকের রাজশাহী বিভাগীয় মহাব্যবস্থাপক কাইসুল হক সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

রূপালী ব্যাংক রুয়েট শাখার সহকারী মহাব্যবস্থাপক প্রকাশ কুমার সাহা বলেন, রুয়েটে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের গৃহনির্মাণ বাবদ দীর্ঘমেয়াদী ঋণ প্রদানের জন্য এই তহবিলে প্রাথমিকভাবে ৬০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। পরবর্তীতে এই তহবিলে রূপালী ব্যাংকের পক্ষ থেকে আরও ৬০ কোটি টাকা বরাদ্দ দেয়া হবে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ রুয়েটে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের দীর্ঘমেয়াদী কর্পোরেট লোন প্রদান করার লক্ষে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য রূপালী ব্যাংককে ধন্যবাদ জানিয়েছেন। তবে তিনি এই কর্পোরেট লোনের সুদের হার সিঙ্গেল ডিজিটে নামিয়ে আনার জন্য রূপালী ব্যাংক কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়েছেন।

এদিকে রুয়েটে এই কর্পোরেট ঋণ প্রদানের জন্য গঠিত কমিটির সভাপতি ও এ্যাপলাইড সায়েন্স এন্ড হিউম্যানেটিজ অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাজেদুর রহমান জানিয়েছেন, মে মাসের শেষ সপ্তাহে রুয়েটে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে এই কর্পোরেট ঋণ প্রদান শুরু হয়েছে। প্রথম দফায় সর্বমোট ৮৭ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে ৯ কোটি ৭৬ লক্ষ টাকা এবং দ্বিতীয় দফায় ২৯ জুন ১২ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে ২ কোটি ১২ লক্ষ টাকা কর্পোরেট ঋণ প্রদান করা হয়।

টেকসই অবকাঠামো নির্মাণ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

গত ১৮ মে বিকেলে 'টেকসই অবকাঠামোঃ প্রয়োজনীয়তা ও উপযোগিতা' বিষয়ক একটি গুরুত্বপূর্ণ সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

পুরকৌশল বিভাগের উদ্যোগে আয়োজিত সেমিনারটি কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাঃ আব্দুস সোবহান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুরকৌশল বিভাগের প্রধান ও পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে Design, Construction & Maintenance of Bridges in Bangladesh: In Past, Present & Future Ges Strengthening of Bridges & Building বিষয়ক দুটি সেশন অনুষ্ঠিত হয়। মূখ্য আলোচক হিসেবে সেশন দুটি পরিচালনা করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের অধ্যাপক প্রফেসর ড এ এফ এম. সাইফুল আমিন। মুল বক্তব্য শেষে উন্মুক্ত আলোচনা পর্বে রুয়েটের শিক্ষক, শিক্ষার্থী এবং বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের প্রকৌশলীগণ অংশ নেন।

টেকসই উন্নয়ন বিষয়ক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাঃ আব্দুস সোহবানসহ অন্যান্য অতিথিবৃন্দ।

আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের সার্বিক সহায়তায় আয়োজিত সেমিনারটি সঞ্চালনা করেন পুরকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ রবিউল আওয়াল। সেমিনারে রুয়েটের পুরকৌশল বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ ছাড়াও বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের উর্ধ্বতন প্রকৌশলীগণ অংশগ্রহণ করেন।

বুয়েট ভিসির মৃত্যুতে রুয়েটের পক্ষ থেকে শোক জ্ঞাপন

বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী উপাচার্য প্রফেসর খালেদা একরাম গত ২৩ মে সোমবার দিবাগত রাতে থাইল্যান্ডে ব্যাংককের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করায় (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

রুয়েটের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ ২৫ মে বুধবার এক শোক বার্তায় প্রফেসর খালেদা একরামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বলেন, তাঁর মৃত্যুতে বাঙ্গালী জাতি একজন খ্যাতিমান স্থপতি ও প্রকৌশল শিক্ষাবিদ হারালো। বাংলাদেশে প্রকৌশল ও প্রযুক্তি শিক্ষা ক্ষেত্রে তাঁর অপরিসীম অবদান জাতি চিরকাল কৃতজ্ঞতার সাথে স্মরণ রাখবে। বিশেষ করে বুয়েটের মত একটি ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়ে তিনি উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করে নারীদের অগ্রযাত্রার অগ্রপথিক হিসেবে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন।

শোক বার্তায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ রুয়েট পরিবারের পক্ষ থেকে মরহুমা প্রফেসর খালেদা একরামের বিদেহী আত্মার শান্তি ও মাগফিরাত কামনা করেন। একই সাথে তিনি তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

গ্লাস এন্ড সিরামিক বিষয়ক সেমিনার

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৩০ ও ৩১ মে অনুষ্ঠিত হয়ে গেল 'Golden Opportunity of Glass and Ceramic in 21th Century' শীর্ষক দু'দিন ব্যাপি সেমিনার।

৩০ মে মঙ্গলবার সকাল ৯টায় কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে সেমিনারের উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কলকাতার সিরামিক কলেজ অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজির প্রফেসর সৈকত মিত্র এবং রুয়েটের যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী। সভাপতিত্ব করেন গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ড. মোঃ শামীমুর রহমান।

গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ আয়োজিত এই সেমিনারের প্রথম দিনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কলকাতার সিরামিক কলেজ অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজির প্রফেসর সৈকত মিত্র। এছাড়া বিভিন্ন সেশন পরিচালনা করেন মীর সিরামিকের প্রকৌশলী বেলায়েত হোসেন, ফার সিরামিকের প্রকৌশলী শাহাদৎ আল হাসান আজাদ, ওসমানিয়া গ্লাসের প্রকৌশলী সাইদুজ্জামান খান ও পিএইচপি গ্লাসের প্রকৌশলী ফারুক হোসেন।

সেমিনারে রুয়েটের গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। ৩১ মে বুধবার বিকেলে এই সেমিনারের সমাপ্তি হয়।

RUET Bulletin
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা
২য় বর্ষ :: ৬ষ্ঠ সংখ্যা :: এপ্রিল-জুন ২০১৬

কর্মকর্তা-কর্মচারীদের কর্মবিরতি পালন

চাকুরীর বয়স ও বেতন স্কেল বিষয়ে ইউজিসি'র এখতিয়ার বহির্ভূত পত্র প্রত্যাহারসহ কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরীর বয়সসীমা ৬৫ বছর করার দাবীতে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদ ১৩ জুন থেকে ১৪ জুন পর্যন্ত অবস্থান ধর্মঘট ও কর্মবিরতি পালন করেছে।

বাংলাদেশ আন্তঃবিশ্ববিদ্যালয় অফিসার্স ফেডারেশনের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে রুয়েটের কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদ ১২ জুন রবিবার বেলা ১০ টা থেকে ১২ টা পর্যন্ত প্রশাসনিক ভবন চত্বরে অবস্থান ধর্মঘট পালন করে। রুয়েটের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ স্বতঃস্ফুর্তভাবে এই অবস্থান কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

এছাড়া একই দাবীতে রুয়েটের কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদ ১৩ জুন সকাল সাড়ে ৯ টা থেকে ১২ টা পর্যন্ত অর্ধদিবস এবং ১৪ জুন সকাল সাড়ে ৯ টা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত পূর্ণদিবস কর্মবিরতি পালন করে। দুদিনই কর্মবিরতি চলাকালে সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারী নিজ নিজ দপ্তর ছেড়ে প্রশাসনিক ভবন চত্বরে মিলিত হয়ে অবস্থান ধর্মঘট পালন করে। এসময়ে বক্তব্য রাখেন কর্মকর্তা সমিতির সভাপতি শাহনেয়াজ সরকার সেন্টু ও সাধারণ সম্পাদক মোঃ আহসান হাবীব এবং কর্মচারী সমিতির সভাপতি মোঃ মুরাদ হোসেন ও সাধারণ সম্পাদক খ ম আবু আহমেদ মানিক সহ উর্ধ্বতন কর্মকর্তাগণ।

গতঅঞ্ঝখঅই/ঝরসঁষরহশ ধহফ চখঈ শীর্ষক ওয়ার্কশপ

গত ১৫ এপ্রিল শুক্রবার রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়ে গেল দিনব্যাপী MATLAB/Simulink and PLC শীর্ষক ওয়ার্কশপ। এই ওয়ার্কশপের আয়োজক ছিল IEEE RUET Industrial Application Society (IAS) Student Branch Chapter। ওয়ার্কশপটির কো-অর্ডিনেটর ছিলেন তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ও IEEE Gi Senior Member এবং IEEE RUET IAS Student Branch Chapter এর Advisor ড. মো: রবিউল ইসলাম। আয়োজক কমিটিতে আরও ছিলেন রুয়েটের তওই কৌশল বিভাগের সহকারী অধ্যাপক মো: মামুনুর রশিদ, প্রভাষক পীযূষ চন্দ্র সরকার, সুব্রত কুমার ঘোষ, কম্পিউটার কৌশল বিভাগের প্রভাষক মো: আবু সাঈদ ও ইটিই কৌশল বিভাগের প্রভাষক শ্যাম দত্ত। বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের ১২টি বিশ্ববিদ্যালয় থেকে আগত শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ এতে অংশগ্রহণ করেন।

সংশোধনী ঃ

রুয়েট বুলেটিন-এর ২য় বর্ষ -৫ম সংখ্যায় প্রকাশিত একটি প্রতিবেদনে অফিসার্স এ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদকের নাম ভুলক্রমে হাবিবুর রহমান হাবীব উল্লেখ করা হয়েছে। প্রকৃতপক্ষে নামটি হবে মোঃ আহসান হাবীব। অনিচ্ছাকৃত জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।
সম্পাদক

গতঅঞ্ঝখঅই/ঝরসঁষরহশ ধহফ চখঈ শীর্ষক ওয়ার্কশপে উপস্থিত ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ সহ অন্যান্য অতিথিবৃন্দ।

ওয়ার্কশপের সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রুয়েটের তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মো: রফিকুল ইসলাম সেখ, পরিচালক (উন্নয়ন ও পরিকল্পনা) প্রফেসর ড. মো: আব্দুল আলীম এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মো: রবিউল ইসলাম। ওয়ার্কশপটিতে আর্থিক সহায়তা প্রদান করে পাওয়ার মেরিট অটোমেশন, সোলার ই টেকনোলজি ও আমানা গ্রুপ লিঃ।

শিক্ষক সমিতি আয়োজিত দু'জন শিক্ষকের বিদায় অনুষ্ঠান ও ইফতার মাহফিল

প্রফেসর ড. সিরাজুল করিম চৌধুরী ও প্রফেসর ড. শেখ মোঃ নিজামুদ্দৌলা স্যারের অবসর উত্তর ছুটিতে যাওয়ার বিদায় সম্বর্ধনা ও ইফতার মাহফিলের আয়োজন।

গত ২৩ জুন রুয়েটে শিক্ষক সমিতি প্রফেসর ড. সিরাজুল করিম চৌধুরী ও প্রফেসর ড. শেখ মোঃ নিজামুদ্দৌলার চাকুরী জীবনে অবসর উত্তর ছুটিতে যাওয়ায় তাঁদের বিদায় সম্বর্ধনা ও ইফতার মাহফিলের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী। প্রধান অতিথি ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। বিদায়ী শিক্ষক বৃন্দের রুয়েটে অবদানের কথা স্মরণ এবং তাঁদের অবসর উত্তর সুন্দর ও দীর্ঘায়ু জীবন কামনা করে দোয়ার আয়োজন করা হয়।

সম্পাদনা পরিষদ: সভাপতি: প্রফেসর ইকবাল মতিন, সদস্য: প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, ড. মোঃ আল মামুন, জনাব মোঃ সাব্বির আহসান।
সম্পাদক: মোঃ গোলাম মুরতুজা :: প্রেস এন্ড পাবলিকেশন সেকশন, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।
ফোন: পিএবিএক্স: +৮৮০-৭২১-৭৫০৭৪২-৩ (৬৬৯) ফ্যাক্স: +৮৮০-৭২১-৭৫০১০৫, ই-মেইল: pro.ruet@gmail.com, ওয়েবসাইট: www.ruet.ac.bd